

জাতীয় মৎস্য পুরস্কার ২০২৪ এর মনোনয়নে উপজেলা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ নেহের নিগার তনু  
উপজেলা নির্বাহী অফিসার,  
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।  
সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসার এর অফিস কক্ষ।  
সভার তারিখ ও সময়ঃ ৩১/০১/২০২৪ খ্রিঃ, সকাল: ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর-পরিশিষ্ট-‘ক’

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা মৎস্য কর্মকর্তা ও সদস্য সচিবকে বিষয়বস্তুর আলোকে বক্তব্য উপস্থাপনের আহ্বান জানান।

উপজেলা মৎস্য কর্মকর্তা ও কমিটির সদস্য সচিব সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে মৎস্য সেক্টরে জাতীয় পর্যায়ে পুরস্কার প্রদানের নীতিমালা পাঠ করে শুনান। উপস্থিত সদস্য বৃন্দ নীতিমালার আলোকে অত্র উপজেলায় জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করার মতো কোন প্রার্থী আছে কি না জানতে চান, সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা জাতীয় মৎস্য পুরস্কার ২০২৪ এর প্রার্থী মনোনয়নের ক্ষেত্রে দোয়ারাবাজার উপজেলায় মাছের উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম একজন যোগ্য প্রার্থীর নাম প্রস্তাব করেন। তিনি বলেন মৎস্য সেক্টরে সর্বশেষ নীতিমালার আলোকে মোট ০৯ টি ক্ষেত্রে জাতীয় পর্যায়ে পুরস্কার প্রদানের সুযোগ রয়েছে। তন্মধ্যে জনাব মোঃ আব্দুর রহিম, পিতা মৃত নুর মিয়া, গ্রাম-আলীপুর, ইউনিয়ন-সুরমা, উপজেলা- দোয়ারাবাজার, জেলা- সুনামগঞ্জ কে মনোনয়ন দেয়া উৎপাদনে সাফল্য অর্জন করায় নাম উপস্থাপন করেন। যিনি ৮.৫০ হেক্টর জলাশয়ের ০৮ টি পুকুরে পর পর দুইবার আহরনে ১৭৫.০০ মে.টন মাছ উৎপাদন করতে সক্ষম হয়েছেন। উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, তিনি উক্ত চাষীর সাফল্য ও অদম্য উৎসাহ দফায় দফায় সরেজমিন পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেছেন। তিনি আরও জানান উক্ত চাষী গত বৎসর সর্বমোট ১২৫.০০ লক্ষ টাকা ব্যয় করে আয় করেছেন ১৭৫.০০ লক্ষ টাকা। এ ক্ষেত্রে নীট মুনাফা করেছেন ৫০.০০ লক্ষ টাকা। কাজেই উক্ত খামারীকে জাতীয় মৎস্য পুরস্কার ২০২৪ এর প্রার্থী মনোনয়ন প্রদানের জন্য তিনি উপজেলা কমিটিকে যথাযথভাবে সুপারিশ করেন। তাছাড়া উপজেলা কমিটির দুইজন সম্মানিত সদস্য উপজেলা কৃষি অফিসার ও উপজেলা প্রাণি-সম্পদ সম্প্রসারণ কর্মকর্তা, উক্ত চাষীর খামার সরেজমিনে পরিদর্শন ও নথিপত্র পর্যালোচনা করে তাহাকে উক্ত পুরস্কারের একজন যোগ্য প্রার্থী হিসাবে মনোনয়নের ব্যাপারে অভিমত ব্যক্ত করেন এবং জোর সুপারিশ করেন।

উপজেলা মৎস্য কর্মকর্তা ও সদস্য সচিব সভায় উক্ত চাষীর খামারের অবকাঠামোগত বৈশিষ্ট্য, আয়-ব্যয়, মাছের বার্ষিক উৎপাদন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি এবং তথ্যাদির আলোকে প্রমাণাদি, ছবি প্রভৃতি যথাযথভাবে উপস্থাপন করেন। সভায় উপস্থাপিত তথ্যাদি সম্পর্কে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। অতঃপর প্রমাণাদি যথোপযুক্ত হওয়ায় আলোচনান্তে জনাব মোঃ আব্দুর রহিম, আলীপুর, দোয়ারাবাজার, সুনামগঞ্জ কে মনোনয়ন দেয়া উৎপাদনে জাতীয় মৎস্য পুরস্কার-২৪ মনোনয়ন প্রদানের ব্যাপারে সভায় উপস্থিত সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

*Torue*  
৩১/০১/২৪

নেহের নিগার তনু

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি








জাতীয় মৎস্য পুরস্কার ২০২৪ সংক্রান্ত প্রার্থী মনোনয়ন কমিটি  
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

পরিশিষ্ট -ক

জাতীয় মৎস্য পুরস্কার কমিটির সদস্যগণের স্বাক্ষর

স্থান: উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ মহোদয়ের কার্যালয়।

তারিখ:

ক্রমিক নং	কমিটির সদস্যগণের নাম ও পদবী	স্বাক্ষর
০১	ছালেহা বেগম মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।	
০২	শেখ মোহাম্মদ মহসিন উপজেলা কৃষি অফিসার দোয়ারাবাজার, সুনামগঞ্জ।	
০৩	ডাঃ শাহীম আহমদ উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ অফিসার দোয়ারাবাজার, সুনামগঞ্জ।	
০৪	পঞ্চানন সীর্দা উপজেলা শিক্ষা অফিসার দোয়ারাবাজার, সুনামগঞ্জ।	
০৫	প্রিয়ব্রত নাগ উপজেলা যুব উন্নয়ন অফিসার দোয়ারাবাজার, সুনামগঞ্জ।	
০৬	মোঃ মোফাজ্জল হোসেন উপজেলা সমবায় অফিসার দোয়ারাবাজার, সুনামগঞ্জ।	
০৭	মোঃ শাহীনুর রহমান উপজেলা প্রকল্প কর্মকর্তা দোয়ারাবাজার, সুনামগঞ্জ।	
০৮	তুষার কান্তি বর্মণ উপজেলা মৎস্য অফিসার দোয়ারাবাজার, সুনামগঞ্জ।	